



দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের গতকাল রাতে যশোর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয় • ছবি: প্রথম আলো

শিক্ষাসফরের বাস উল্টে ৭ শিক্ষার্থী নিহত

যশোর অফিস •

যশোরের চৌগাছা উপজেলার ঝাউতলা এলাকায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাসফরের বাস উল্টে সাত শিক্ষার্থী নিহত হয়েছে। গুরুতর অবস্থায় অন্তত ১০ শিক্ষক ও শিক্ষার্থীকে যশোর ২৫০ ম্যা জেনারেল হাসপাতাল ও চৌগাছা হা কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

গতকাল শনিবার রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে হতাহতদের নাম-পরিচয় জানা যায়নি।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, বেনাপোল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা গতকাল

এরপর পৃষ্ঠা ১৭ কলাম ২

৭ শিক্ষার্থী নিহত

শেষ পৃষ্ঠার পর

সকালে যশোরপুরের মুন্সিবনগরে শিক্ষাসফরে যায়। বাড়ি ফেরার পথে রাত সাড়ে আটটার দিকে চৌগাছা-মহেশপুর সড়কের ঝাউতলা এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বাসটি উল্টে সড়কের পাশের খালে পড়ে। পানিতে ডুবে ঘটনাস্থলেই সাত শিক্ষার্থী মারা যায়। আহত অবস্থায় ৩০ জনকে চৌগাছা হা কমপ্লেক্সে নেওয়া হয়। রাতে উন্নত চিকিৎসার জন্য অন্তত ছয়জনকে যশোর জেনারেল হাসপাতালে আনা হয়। যশোরের সহকারী পুলিশ সুপার প্রথম আলোকে জানান, ঘটনাস্থল

থেকে সাত শিক্ষার্থীর লাশ উদ্ধার করা হয়েছে। বাসের অন্তত ৩০ জন আহত হয়েছে। বাস পানিতে পড়ায় মৃতের সংখ্যা বেড়েছে। যশোরের জেলা প্রশাসক মোতাসবিছুর রহমান রাত ১০টার দিকে প্রথম আলোকে বলেন, 'আমি নিজে চৌগাছা হা কমপ্লেক্সে থেকে সব তদারক করছি। গুরুতর অবস্থায় ছয় শিশুকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। অন্যদের চিকিৎসা চলছে। স্থানীয় কয়েকজন বাসিন্দা জানান, শিক্ষাসফরের বহরে তিনটি বাস ছিল। এর মধ্যে একটি (রাজ মেট্রো-৯-১১-০০৮০) নিয়ন্ত্রণ হারিয়ে খালে পড়ে যায়।